দৈনিক ইনকিলাব

20 DEC 1986
তারিখ ... 20 DEC 1986
পৃষ্ঠা ... 5 কলাম ...
249
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষাঙ্গন

20 DEC 1986

## ছাত্র বেতনের অসমতা প্রসঙ্গ

শিক্ষাই জাতির মেরুদণ্ড। শিক্ষা ছাড়া কোন জাতি মেরুদণ্ড খাড়া করে চলতে পারে না। কিন্তু স্বাধীনতা উত্তর বাংলাদেশের শিক্ষা ক্ষেত্রে যে বৈষম্যমূলক অবস্থা বিরাজমান তা বিশ্লেষণ করলে একথা বলা কিছু মাত্র অসংগত হয় না যে, জাতির মেরুদণ্ড খাড়া রাখার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে জ্ঞান বিতরণের কাজ যেভাবে চলছে এবং যেহারে মনগড়াভাবে বিভিন্ন ফি আদায় করা হচ্ছে তাতে জাতির মেরুদণ্ড খাড়া রাখতে গিয়ে শিক্ষার্থী ও শিক্ষার্থীদের অভিভাবকগণের মেরুদণ্ড বাঁকা হতে হতে শেষ পর্যন্ত ভেঙ্গে চুরমার হতে যেতে বাধ্য।

জনসংখ্যার অনুপাতে সরকারী প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা খুবই নগণ্য। সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি শহরের প্রায় প্রতিটি অলিতে-গলিতে ব্যক্তিগত উদ্যোগে অনেকগুলো কিণ্ডার গার্টেন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে। শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে যতটা না এইসব প্রতিষ্ঠানগুলোর জন্ম ব্যবসায়ীক প্রয়োজনে এগুলোর তৎপরতা তার চাইতে কার্যকরভাবে বেশী পরিলক্ষিত হয়।

প্রথম ভর্তির ঝক্কি-ঝামেলা পোহানোর ক্ষেত্রে ভর্তিপরীক্ষা ইন্টারভিউ ইত্যাদিতে বাচ্চা অকৃতকার্য হলে 'ডোনেশন' নামক এক কঠিন পরীক্ষায় অবতীর্ণ হতে হবে। এতে মেরুদণ্ড খাড়া থাকুক আর নাই থাকুক জাতির মেরুদণ্ড খাড়া রাখার জন্য মোটা অংকের "ডোনেশন" দিয়ে বাচ্চাকে ভর্তি করাতে হবে।

কিণ্ডার গার্টেন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর ভর্তির ফি, মাসিক মাহিনা এবং নানা রকম চাঁদা মাসে মাসে আদায় করতে হিমশিম খেতে হয়। ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানের ভিন্ন ভিন্ন পদ্ধতি। মাসিক ফি, সাময়িক ফি বা পরীক্ষা ফিয়ের কোন সমতা নেই। মনগড়াভাবে এসব নির্ধারণ করা হয় বলে অনুমিত হয়। হাইস্কুলসমূহের অবস্থাও তথৈবচ। ভর্তি পরীক্ষা, ইন্টারভিউ, সিটনেই ইত্যাদি সমস্যার যাতাকলে দিশেহারা হতে হয়। যে স্কুল যে ভাবে পারছে আদায় করে নিচ্ছে।

এ ধরনের অবস্থা বিরাজ করলে দেশের শিক্ষা ব্যবস্থায় বৈষম্য দিন দিন বেড়েই চলবে। শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য এবং হতাশা দেখা দিবে। নির্দিষ্ট আয়ের চাকরিজীবী মধ্যবিত্ত ও নিম্ন মধ্যবিত্ত শ্রেণীর সন্তানেরা শিক্ষার আলো থেকে বঞ্চিত হবে।

এমতাবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের নিকট আমাদের আবেদন, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন ফি-এর ব্যাপারে একটা কঠোর সরকারী নিয়ম বেঁধে দিন। ভর্তির ফি, মাসিক মাহিনা, পরীক্ষার ফি ইত্যাদি নির্ধারণের ব্যাপারে বর্তমান বাজার দর ও সাধারণ অভিভাবকগণের আয়ের সাথে সামঞ্জস্য বিধান করা দরকার। মনগড়াভাবে শিক্ষার জন্য স্কুলে স্কুলে যেভাবে ইচ্ছা ট্যাক্স আদায় করা হবে এটা সঙ্গত নয়।

—এ. কে. এম. ফজলুল হক